



স্পেনভিত্তিক ওয়েবমেট্রিক্স র্যাংকিং জাতীয় পর্যায়ে সেরা গবেষণা প্রতিষ্ঠান রি

কৃষি ও সম্ভাবনা ডেস্ক

স্পেনভিত্তিক অনলাইন তথ্যভাণ্ডার 'র্যাংকিং ওয়েব অব ওয়ার্ল্ড রিচার্স সেন্টার'-এর মূল্যায়ন অনুযায়ী জাতীয়পর্যায়ের গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডসহ নানা মানদণ্ডে দেশের সেরা গবেষণা সংস্থার তালিকায় শীর্ষস্থানে রয়েছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। তবে জাতীয় ও আন্তর্জাতিক উভয় ধরনের প্রতিষ্ঠানের বিবেচনায় ওয়েবমেট্রিক্স র্যাংকিংয়ে দেশের এই সুনামধন্য প্রতিষ্ঠানকে দ্বিতীয় সেরা গবেষণা প্রতিষ্ঠানের হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে যেখানে শীর্ষস্থানে রয়েছে অহিসিডিআরবি। গবেষণা প্রতিষ্ঠানগুলোর র্যাংকিং তৈরিতে বৈজ্ঞানিক গবেষণার প্রভাব, নতুন প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ, অর্থনৈতিক প্রাসঙ্গিকতা অর্থাৎ সামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত ভূমিকা বিবেচনা করে ওয়েবমেট্রিক্স। ২০০৪ সাল থেকে বিশ্বের বিভিন্ন শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের এই র্যাংকিং করে আসছে ওয়েবমেট্রিক্স। বেশকিছু ওয়েব ইনডিকেটরের ওপর ভিত্তি করে বর্তমান তথ্যপ্রযুক্তির যুগে ওয়েব পাবলিকেশনসহ উন্নত, বিস্তৃত ও জনপ্রিয় করা, অবাধ তথ্যপ্রবাহের উদ্যোগকে সহযোগিতা করা এবং বৈজ্ঞানিক প্রকাশনাগুলোর ইলেক্ট্রনিক প্রবেশাধিকার নিশ্চিত করার লক্ষ্যে এ র্যাংকিং নির্ধারণ করা হয়। অন্যান্য প্রতিষ্ঠানের র্যাংকিংয়ের চেয়ে ওয়েবমেট্রিক্সের র্যাংকিংয়ের ব্যাপ্তি বৃহত্তর। এ প্রতিষ্ঠান শূন্য গবেষণা কর্মকাণ্ডের মতো ইনডিকেটরের ওপর ভিত্তি করে নয়, বরং অন্যান্য ইনডিকেটরগুলো যা বিশ্বমানের স্কলার ও গবেষণা প্রতিষ্ঠানগুলোয় প্রতিফলিত হয় তার ওপর ভিত্তি করেই র্যাংকিং সম্পন্ন করে। চলতি আগস্ট মাসে তাদের ওয়েবসাইটে প্রকাশিত তালিকায় বাংলাদেশের যে ১৪টি প্রতিষ্ঠানের নাম রয়েছে তার মধ্যে প্রথমে রয়েছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) নাম। তালিকায় জাতীয়পর্যায়ের গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে তৃতীয় ও চতুর্থ স্থানে রয়েছে যথাক্রমে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)।